



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ, ফেনী



তারিখ : ১৩/০৭/২০২১ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ২য় বর্ষে Promotion সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক: (০-৫) জাতী:বি:/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৮৭ তারিখ : ১৬/০৬/২০২১ খ্রি. তারিখ এ প্রকাশিত বিজ্ঞপ্তির শর্ত-চ মোতাবেক ফেনী সরকারি কলেজের সম্মানীয় বিভাগীয় প্রধানগণ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, মহামারি কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিম্নলিখিত শর্তে অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের ২য় বর্ষে প্রমোশন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।


অনার্স ১ম বর্ষ থেকে অনার্স ২য় বর্ষে প্রমোশনের শর্তসমূহ:

- ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা অন-লাইন বা ফেস টু ফেস কোর্স সম্পন্ন করেছে।
- ১ম বর্ষের সকল ইনকোর্স পরীক্ষা সম্পন্ন করেছে এবং কলেজ কর্তৃক যাদের ইনকোর্স নম্বর বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করেছে।
- মহামারি কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। পরীক্ষা রেগুলেশন অনুযায়ী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে **D** বা এর বেশি পেতে হবে। প্রমোশনের নীতিমালা অনুযায়ী উত্তীর্ণ (**Promoted**) হতে ব্যর্থ হলে এই **Conditional Promotion** (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) বাতিল বলে গন্য হবে।
- সকল শিক্ষার্থী উল্লিখিত শর্ত মেনে নিয়ে এই **Conditional Promotion** (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) গ্রহণে রাজি আছে এ মর্মে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকার নামায় (কপি সংযুক্ত) স্বাক্ষর করে হাতে হাতে বা স্ক্যান কপি ইমেইলে সংশ্লিষ্ট কলেজে জমা দেবে। এ বিধান শুধু মহামারি কোভিড-১৯ এর কারণে বিশেষ ব্যবস্থা হিসেবে বিবেচিত হবে। এটি ভবিষ্যতে উদাহরণ হিসেবে ব্যবহার করা যাবে না।

যে সকল শিক্ষার্থী উল্লিখিত শর্তসমূহ পূরণ করেছে তাদের নিম্নোক্ত তারিখ অনুসরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকারনামা (কপি সংযুক্ত) কলেজ ওয়েব সাইট www.fgc.gov.bd থেকে অঙ্গীকারনামা ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে স্বাস্থ্যবিধি মেনে করে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

বিভাগ	তারিখ	সময়
হিসাববিজ্ঞান, দর্শন	১৮/০৭/২০২১ রবিবার	সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত
ব্যবস্থাপনা, বাংলা		
রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস		
অর্থনীতি, ইংরেজি		
সমাজকর্ম, পদার্থবিজ্ঞান		
গণিত, উদ্ভিদবিজ্ঞান		
ইতিহাস, রসায়ন, প্রাণিবিজ্ঞান		

সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে বিভাগভিত্তিক সংগৃহীত অঙ্গীকারনামাগুলো আগামী ১৯/০৭/২০২১ তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হল।


১৩/০৭/২০২১
অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

Website : www.nubd.info/honours

অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে কোর্স সম্পন্ন শেষে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক আমি সকল শর্ত মেনে নিয়ে অনার্স ২য় বর্ষে শর্ত সাপেক্ষে প্রমোশন নিতে সম্মত আছি। আমি পরবর্তিতে বিশ্ববিদ্যালয়ে ঘোষিত সময়সূচী অনুযায়ী সকল পরীক্ষায় অংশগ্রহণ করবো এবং পরীক্ষা রেগুলেশন অনুযায়ী প্রমোটেড হতে ব্যর্থ হলে আমার শর্ত সাপেক্ষে প্রদত্ত প্রমোশন বাতিল হবে এবং তাতে আমার কোনো আপত্তি থাকবে না।

পরীক্ষার্থীর নাম, স্বাক্ষর ও তারিখ	:	
পিতার নাম	:	
মাতার নাম	:	
রেজিস্ট্রেশন নং	:	
কলেজ কোড	:	
শিক্ষাবর্ষ	:	
কলেজের নাম	:	